



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা
বিদ্যালয় শাখা-১
www.comillaboard.gov.bd
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা



অবিলম্বে
সীমিত

স্মারক নম্বর: ৩৭.১৩.০০০০.৫০১.০১.০১৬.২০.৩০

তারিখ: ১২ কার্তিক ১৪২৭

২৮ অক্টোবর ২০২০

বিষয়: চর সেকেন্দর সফিক একাডেমী এর স্বীকৃতির মেয়াদ নবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে, তার বিদ্যালয়ে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার স্বীকৃতি ০১/০১/২০২১ হতে ৩১/১২/২০২৫ তারিখ পর্যন্ত ০৫(পাঁচ) বছরের জন্য নিচের শর্ত সাপেক্ষে নবায়নের মেয়াদ বৃদ্ধি করা হলো এবং ২০২৬ সন পর্যন্ত এসএসসি পরীক্ষায় ছাত্র-ছাত্রী অংশগ্রহণের অনুমতি প্রদান করা হলো।

শর্তাবলী:

১. স্নাতক পাস শিক্ষকগণকে পর্যায়ক্রমে বিএড প্রশিক্ষণে প্রেরণ করতে হবে।
২. সহ-পাঠ্যক্রম কার্যক্রম জোরদার করতে হবে।
৩. জেএসসি পরীক্ষায় ন্যূনতম ৮০% উত্তীর্ণ ফলাফল অর্জন করতে হবে।
৪. পাঠপত্রিকল্পনা অনুসরণপূর্বক শিক্ষকগণকে প্রাকপ্রকৃতি গ্রহণ করে শিক্ষা উপকরণ ব্যবহারের মাধ্যমে শ্রেণি কক্ষে পাঠদান নিশ্চিত করতে হবে।
৫. বিজ্ঞান বিভাগের ছাত্র-ছাত্রীদের নিয়মিত ব্যবহারিক ক্লাস নিশ্চিত এবং বৈজ্ঞানিক যন্ত্রপাতি যত সহকারে রক্ষণাবেক্ষণ করতে হবে।
৬. বিদ্যালয়ের পাঠাগারের উন্নয়ন এবং ছাত্র-ছাত্রীদের মধ্যে নিয়মিত পাঠাভ্যাসের মনোভাব গড়ে তুলতে হবে।
৭. বিদ্যালয়ের চারপাশে কমপক্ষে ১০০টি ফলজ, বনজ ও ঔষধি বৃক্ষরোপন করে যথাযথ পরিচর্যা ব্যবস্থা করতে হবে।
৮. এসএসসি পরীক্ষায় ন্যূনতম ৮০% পরীক্ষার্থী পাস করার প্রচেষ্টা চালাতে হবে।
৯. বাধ্যতামূলকভাবে বয়স্কাউট/গার্লস গাইড/রেড ক্রিসেন্ট দল গঠন করতে হবে।
১০. বিদ্যালয়কে অবশ্যই ইন্টারনেট সংযোগ গ্রহণ করতে হবে।

২৮-১০-২০২০

প্রফেসর মোঃ আজহারুল ইসলাম

বিদ্যালয় পরিদর্শক

ফোন: ৮৮০৮১৭৬৭০০

ফ্যাক্স: ৮৮০৮১৭৬৮৩৮

প্রধান শিক্ষক,

স্মারক নম্বর: ৩৭.১৩.০০০০.৫০১.০১.০১৬.২০.৩০/১(৪)

তারিখ: ১২ কার্তিক ১৪২৭

২৮ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ২) পরিচালক, পরিচালক এর দপ্তর, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
- ৩) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা কুমিল্লা অঞ্চল, কুমিল্লা
- ৪) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, কুমিল্লা